তারিখ 18 JUN 1992
পৃষ্ঠা ... ... কলাম ... ... ...

৬

দৈনিক খবর

# খুলনা মেডিকেল কলেজ চালুর ক্ষেত্রে অনিশ্চয়তা ।। এ বছর ক্লাস শুরু হচ্ছে না

০ খুলনা অফিস ০

১৭ই জুন।– প্রশাসনিক জটিলতার কারণে খুলনায় মেডিকেল কলেজ চালু হওয়ার ব্যাপারে অনিশ্চয়তা দেখা দিয়েছে। চলতি অর্থ বছরের মধ্যে ক্লাশ শুরু হওয়ার কথা থাকলেও তা হচ্ছে না। এ কলেজের জন্য অধ্যক্ষ নিয়োগ করা হলেও গত ৩ মাসেও তিনি খুলনায় আসেননি বা কাজে যোগদান করেননি।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে, খুলনাবাসীর দীর্ঘদিনের দাবী পূরণে প্রধানমন্ত্রীসহ স্পীকার ও সংশ্লিষ্ট মন্ত্রী খুলনা মেডিকেল কলেজ স্থাপনের কথা ঘোষণা করেন। এ ঘোষণা অনুযায়ী আগামী সেশন থেকে ক্লাশ শুরু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়। এ লক্ষ্যে খুলনা মেডিকেল কলেজের জন্য একজন অধ্যক্ষ নিয়োগ করা হয় গত ৩ মাস আগে। কিন্তু এ পর্যন্ত তিনি যোগদানকরেননি।

সূত্রে বলা হয়েছে, কলেজের আসবাবপত্রের জন্য ২২ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে। কিন্তু প্রশাসনিক জটিলতা ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে আভ্যন্তরীণ মতপার্থক্য ও মনোমালিন্যের কারণে কাজের অগ্রগতি হচ্ছে না। বিশেষজ্ঞদের ধারণা, এমতাবস্থায় খুলনা মেডিকেল কলেজ বাস্তবায়নে অনিশ্চয়তা দেখা দিতে পারে।

৭–এর পাতায় দেখুন

## খুলনা মেডিকেল

প্রথম পৃষ্ঠার পর

জানা গেছে, খুলনা মেডিকেল কলেজ চালুর ব্যাপারে আগামীকাল বৃহস্পতিবার উচ্চ পর্যায়ের এক সভা অনুষ্ঠিত হবে। প্রকল্প পরিচালকের অবসরজনিত কারণে বর্তমানে ডাঃ দেলোয়ার হোসেন ভারপ্রাপ্ত প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করছেন।

খুলনা মেডিকেল কলেজ বাস্তবায়নে সকল দ্বিধা–দ্বন্দ্বের উর্ধ্বে অবহেলিত খুলনাবাসীর সুচিকিৎসা তথা চিকিৎসা শিক্ষার সম্প্রসারণের স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি জোর দাবী জানানো হয়েছে।

//